

## ■ হাদীস সম্মান

হাদিস নাম্বারঃ ৮৮১

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ যোহরের সুন্নত

আরবী

عَنْ أَبِي أَيُوبَ الْأَنْصَارِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ : أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُدْمِنُ أَرْبَعَ رَكْعَاتٍ عِنْدَ زَوَالِ الشَّمْسِ فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ إِنَّكَ تُدْمِنُ هَذِهِ الْأَرْبَعَ رَكْعَاتٍ عِنْدَ زَوَالِ الشَّمْسِ ؟ فَقَالَ إِنَّ أَبْوَابَ السَّمَاءِ تُفْتَحُ عِنْدَ زَوَالِ الشَّمْسِ فَلَا تُرْتَجُ حَتَّى يُصَلَّى الظُّهُرُ فَأَحِبُّ أَنْ يَصْنَعَ لِي فِي تِلْكَ السَّاعَةِ خَيْرًا قُلْتُ : أَفَيْ كُلُّهُنَّ قِرَاءَةً ؟ قَالَ نَعَمْ قُلْتُ : هَلْ فِيهِنَّ تَسْلِيمٌ فَاصِلٌ ؟ قَالَ لَا

বাংলা

(৮৮১) আবু আইয়ুব আনসারী (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য ঢলার সময় ৪ রাকআত নামায প্রত্যহ পড়তেন। একদা আমি বললাম, হে আল্লাহর রসূল! আপনি সূর্য ঢলার সময় এই ৪ রাকআত প্রত্যহ পড়ছেন? তিনি বললেন, সূর্য ঢলার সময় আসমানের দরজাসমূহ খোলা হয় এবং যোহরের নামায না পড়া পর্যন্ত বন্ধ করা হয় না। অতএব আমি পছন্দ করি যে, এই সময় আমার নেক আমল (আকাশে আল্লাহর নিকট) উঠানো হোক। আমি বললাম, তার প্রত্যেক রাকআতেই কি ক্রিয়াত আছে? তিনি বললেন, হ্যাঁ। আমি বললাম, তার মাঝে কি পৃথককারী সালাম আছে? তিনি বললেন, না।

ফুটনোট

(মুখ্তাসারুশ শামাইলিল মুহাম্মাদিয়্যাহ, আলবানী ২৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু আইয়ুব আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64629>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন